**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date: 29-09-2025** **Desk in Charge : SDG**

**Time : 7-35 AM** **Compiling : Debabrata M.**

**DEO : KB** **NR : Debabrata M.**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

<u>বিশেষ বিশেষ খবর –</u>

১/ 'GST বচ্‌ত উৎসব'-এ প্রধানমন্ত্রী, স্বদেশী দ্রব্যেই উৎসব উদ্‌যাপনের আহ্বান জানিয়েছেন। # আকাশবাণীতে 'মন কি বাত'-এর ১২৬-তম পর্বে তিনি দুর্গাপুজো ও ছট উৎসবের মতো সাংস্কৃতিক ঐতিহ্যগুলিকে বিশ্ববাসীর কাছে তুলে ধরার ওপর গুরুত্ব দিয়েছেন।

২/ শারদীয়া দুর্গাপুজোর আজ সপ্তমী। # সকালে নব পত্রিকা স্নানের মধ্যে দিয়ে সূচনা হয়েছে দেবী দুর্গার আবাহন ও যথাবিহিত সপ্তমী পুজো।

৩/ শ্রমিকদের প্রাপ্য বোনাস না মিটিয়ে উত্তরবঙ্গের বেশ কিছু চা বাগান বন্ধ করে দেওয়া হয়েছে বলে নর্থ বেঙ্গল টি প্লান্টেশন এমপ্লইজ ইউনিয়ান অভিযোগ করেছে।

৪/ প্রতিমা বিসর্জনের জন্য আগামী দোসরা অক্টোবর থেকে ৫'ই অক্টোবর পর্যন্ত এবং সাত ও আটই অক্টোবর চক্র রেল পরিষেবা নিয়ন্ত্রণ করা হবে।

৫/ পাকিস্তানকে হারিয়ে ভারত নবম বার 'এশিয়া কাপ' ক্রিকেটে চ্যাম্পিয়ান হওয়ায়, গোটা রাজ্য জুড়ে খুশীর হাওয়া। # ভারতীয় দলকে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শুভেচ্ছা।

*****************************************************************

জিএসটি বচত উৎসব এ প্রধানমন্ত্রী স্বদেশী দ্রব্যেই উৎসব উদযাপনের আহ্বান জানিয়েছেন। ভোকাল ফর লোকালকেই কেনাকাটার মন্ত্র করতে বলেছেন তিনি। গতকাল মন-কি-বাত-এর ১২৬-তম পর্বে উৎসবের মরশুমে দেশবাসীকে আরও বেশি করে কেনাকাটা করার অনুরোধ করেন তিনি।

আগামী দোসরা অক্টোবর গান্ধী জয়ন্তী। প্রধানমন্ত্রী বলেছেন, গান্ধীজী সবসময় স্বদেশীকে আপন করার প্রতি গুরুত্ব দিতেন। এর মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ ছিল খাদি। প্রধানমন্ত্রী সকলকে অনুরোধ করেছেন, আগামী দোসরা অক্টোবর তারা যেন কিছু কিছু খাদি বস্ত্র ক্রয় করেন এবং গর্বের সঙ্গে বলেন এগুলি স্বদেশী পণ্য।

(বাইট – খাদি )

আগামী কিছুদিনের মধ্যে ছট পুজো ও দীপাবলী। প্রধানমন্ত্রী জানিয়েছেন, ছট উৎসবকে ইউনেস্কোর ইনটেনজিবল কালচারাল হেরিটেজ তালিকার অন্তর্ভুক্ত করার জন্য কেন্দ্রীয় সরকার চেষ্টা করে চলেছে। এই প্রসঙ্গে তিনি জানান, কিছুদিন আগে কলকাতার দুর্গাপুজোও ইউনেস্কোর এই তালিকার অন্তর্ভুক্ত হয়েছে। এইভাবেই সাংস্কৃতিক ঐতিহ্যগুলোকে গোটা বিশ্বের কাছে তুলে ধরতে হবে।

( বাইট- ইউনেস্কো দুর্গাপুজো )

প্রধানমন্ত্রী সেলবোটে, সার্কম নেভিগেশন করা ভারতীয় নৌসেনার দুই আধিকারিকের সঙ্গে কথা বলে তাদের সাফল্যের কথা দেশবাসীর কাছে তুলে ধরেন। এরা হলেন, লেফটেন্যান্ট কমান্ডার দিলনা এবং লেফটেন্যান্ট কমান্ডার রূপা। এপ্রসঙ্গে নরেন্দ্র মোদী নারী শক্তির উদযাপনকে স্মরণ করেছেন। মন-কি-বাত-এ প্রধানমন্ত্রী দু-জনের জন্মজয়ন্তীতে তাঁদের কথা বিশেষভাবে স্মরণ করেছেন। এরা হলেন অমর শহীদ ভগত সিং এবং সুর সম্রাজ্ঞী লতা মঙ্গেশকর। বিজয়া দশমীর দিন রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘ স্থাপনের শতবর্ষ পূর্ণ হচ্ছে। এক শতাব্দীর এই যাত্রাকে প্রধানমন্ত্রী অভূতপূর্ব ও প্রেরণামূলক বলে বর্ণনা করেন। দেশ জুড়ে এখন উৎসবের মরশুম চলছে। মন কি বাতের ১২৬ তম পর্বে প্রধানমন্ত্রী আসন্ন দীপাবলী উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

*****************************

রাজ্যপাল সি ভি আনন্দ বোস বলেছেন মন কি বাত-এর মাধ্যমে প্রধানমন্ত্রী সাধারণ মানুষের সঙ্গে যোগাযোগ স্থাপন করেন। বাংলার দুর্গাপুজোকে ইউনেস্কোর স্বীকৃতিতে ভারতীয় হিসেবে সকলেই গর্বিত বলেও তিনি মন্তব্য করেন।

( বাইট- রাজ্যপাল MKB )

*****************************

শারদীয়া দুর্গাপুজোর আজ সপ্তমী।

( সপ্তমীর ঢাক )

সকালে নব পত্রিকা স্নানের মধ্যে দিয়ে সূচনা হয়েছে দেবী দুর্গার আবাহন ও যথাবিহিত সপ্তমী পুজো। ষষ্ঠীর পর সপ্তমীতে দেবী দুর্গার মহাপূজা শুরু হয় পূর্ণ রূপে।

বেলুড় মঠে পুজো দেখতে সকাল থেকেই ভক্তদের ভিড়। ভোরেই হয়েছে নবপত্রিকা স্নান ও মহাস্নান। মঠের পক্ষ থেকে জানানো হয়েছে, সপ্তমী, অষ্টমী ও নবমীতে ভোগারতির পর পুষ্পাঞ্জলী দেওয়া যাবে। বেলা ১২'টায় মা সারদা সদাব্রত ভবন থেকে ভোগ বিতরণ করা হবে।

*****************************

নিম্নচাপ সরে যাওয়ায় অষ্টমী পর্যন্ত ভারী বৃষ্টি না হলেও, বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে।

দশমীর দিন একটি নিম্নচাপ অঞ্চল তৈরি হওয়ার সম্ভাবনা থাকায়, দশমী ও একাদশীর দিন উপকূলের জেলাগুলিতে ভারী থেকে অতি ভারী বৃষ্টি হতে পারে বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর।

*****************************

উত্তরবঙ্গের বেশ কিছু চা বাগানে শ্রমিকদের প্রাপ্য বোনাস না মিটিয়ে কর্তৃপক্ষ গেটে তালা ঝুলিয়ে দিয়েছে বলে অভিযোগ করেছে 'নর্থ বেঙ্গল ট্রি প্লান্টেশন এমপ্লয়িজ ইউনিয়ন'। নাগেশ্বরী চা বাগানে এ ব্যাপারে বিক্ষোভ দেখাতে গেলে শ্রমিকদের ওপর

পুলিশি অত্যাচার হয় বলেও তাদের দাবি। গতকাল এক প্রেস বিবৃতিতে সংগঠনের সাধারণ সম্পাদক নাসিরউদ্দিন জানিয়েছেন, রাজ্য সরকার আগেই সব শ্রমিকদের ২০ শতাংশ হারে বোনাস মিটিয়ে দেবার এডভাইসারি জারি করলেও অচলাবস্থা কাটেনি। উল্টে প্রশাসনের পক্ষ থেকে শ্রমিকদের ওপর বলপ্রয়োগ করা হয় বলেও তিনি অভিযোগ করেন। উৎসবের সময় প্রত্যাশিত এই টাকা হাতে না পাওয়ায় শ্রমিকদের মধ্যে ক্ষোভ ও হতাশার সৃষ্টি হয়েছে বলেও তিনি জানান।

****************************

রাজ্য প্রশাসনের অনুরোধে প্রতিমা বিসর্জনের জন্য আগামী দোসরা অক্টোবর থেকে ৫ ই অক্টোবর পর্যন্ত এবং ৭ ও ৮ অক্টোবর পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন চক্ররেল চলাচল নিয়ন্ত্রণ করছে। ওই দিনগুলি 30416 শিয়ালদা -BBD বাগ, 30451 বিবাদি বাগ-বারুইপুর লোকাল বাতিল থাকবে। ৩টি লোকাল বারাসাত–মাঝেরহাট, দত্তপুকুর -মাঝেরহাট এবং নৈহাটি-বালিগঞ্জ ভায়া প্রিন্সেপ ঘাট কলকাতা স্টেশনে যাত্রা শেষ করবে। তিনটি লোকাল মাঝেরহাট–হাবড়া, মাঝেরহাট-বারাসাত এবং মাঝেরহাট-বারাসত কলকাতা স্টেশন থেকে যাত্রা শুরু করবে। 30154 নৈহাটি-মাঝের হাট লোকাল ঘুর পথে চলবে এবং শিয়ালদা নর্থ স্টেশনে যাত্রা শেষ করবে। এবং মাঝেরহাট-নৈহাটি লোকাল শিয়ালদা নর্থ স্টেশন থেকে ছাড়বে। হাবড়া-মাঝেরহাট লোকাল কাঁকুড়গাছি রোড জংশন-বালিগঞ্জ হয়ে মাঝেরহাট স্টেশনে যাবে। লক্ষ্মীকান্তপুর-মাঝেরহাট লোকাল বালিগঞ্জ স্টেশনে যাত্রা শেষ করবে। মাঝেরহাট-ঘুটিয়ারি শরীফ লোকাল বালিগঞ্জ স্টেশন থেকে যাত্রা শুরু করবে। ব্যারাকপুর-মাঝেরহাট লোকাল ঘুরপথে চলবে এবং বালিগঞ্জ স্টেশনে যাত্রা শেষ করবে। এছাড়া, একটি শিয়ালদা-বারুইপুর স্পেশাল শিয়ালদা থেকে সন্ধ্যা সাতটা ১০ মিনিটে ছাড়বে বলে রেল সূত্রের খবর।

একইসঙ্গে শিয়ালদা, হাওড়া, আসানসোল এবং মালদা ডিভিশনে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে। বিশেষ বিশেষ স্টেশনে দর্শনার্থীদের ভিড় সামাল দেওয়ার জন্য আধিকারিকরা উপস্থিত থাকবেন।

*****************************

সেবা ও সুশাসন, অর্থাৎ জনসেবা ও সুশাসনের মন্ত্রে পরিচালিত হয়ে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে সরকার রূপান্তর ও অগ্রগতি আনতে অক্লান্ত পরিশ্রম করে চলেছে। আজ, এই বিশেষ- 'সেবা পর্ব'-এ, আমরা আপনাদের সামনে তুলে ধরছি কিভাবে মোদী সরকার প্রধানমন্ত্রী গতিশক্তি জাতীয় মাস্টার প্ল্যানের মাধ্যমে পরিকাঠামো উন্নয়নে বিপ্লব এনেছে।

একটি প্রতিবেদন- ( ক্যাপসুল-কাশফিন )

*****************************

ভারতে নিযুক্ত ইতালির রাষ্ট্রদূত আন্তোনিও বার্তোলি এবং কলকাতায় ইতালির কনসাল জেনারেল রিকার্ডো দালা কোস্তা গতকাল রাজভবনে রাজ্যপাল সিভি আনন্দ বোসের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। বৈঠকে মূলত সাংস্কৃতিক ও শিক্ষা ক্ষেত্রে দুই দেশের মধ্যে বিনিময় এবং সহযোগিতা আরও মজবুত করার বিষয়ে আলোচনা হয়েছে বলে রাজভবন সূত্রে খবর। উভয়পক্ষই মত প্রকাশ করেছেন যে, ভারত ও ইতালির ঐতিহাসিক সম্পর্ককে সামনে রেখে ভবিষ্যতে শিক্ষা ও সংস্কৃতি বিনিময়ের ক্ষেত্র আরও প্রসারিত করা যেতে পারে।

*****************************

পাকিস্তানকে হারিয়ে ভারত নবম বার এশিয়া কাপ ক্রিকেটে চ্যাম্পিয়ন হওয়ায় রাজ্য জুড়ে খুশীর হাওয়া। দুর্গোতসবের মধ্যেই ভারত জয়লাভ করায় দর্শকরা আনন্দে মেতে ওঠেন। বিভিন্ন জেলায় বাজি ফাটিয়ে উচ্ছ্বাস'ও প্রকাশ করা হয়।

দুবাই আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে গতকাল উত্তেজনাপূর্ণ ও প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ ফাইনাল ম্যাচে ভারত ৫ উইকেটে পাকিস্তানকে হারিয়ে দিয়েছে। ভারত টসে জিতে পাকিস্তানকে ব্যাট করতে পাঠায়। পাকিস্তান ১৯ ওভার ১ বলে ১৪৬ রানে অলআউট হয়ে যায়।

রান তাড়া করতে নেমে ভারত ৫ উইকেট হারিয়ে ২ বল বাকি থাকতে লক্ষ্যে পৌঁছয়। তিলক ভার্মা ম্যাচের সেরা হয়েছেন। ৭ ম্যাচে ৩১৪ রান করে, টুর্নামেন্টের সর্বাধিক রান সংগ্রাহক অভিষেক শর্মা টুর্নামেন্টের সেরা খেলোয়াড় হয়েছেন।

এই জয়ের জন্য রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ভারতীয় দলকে শুভেচ্ছা জানিয়েছেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীও এই জয়ের জন্য ভারতীয় দলকে শুভেচ্ছা জানিয়ে সমাজমাধ্যমের এক বার্তায় বলেন, অপারেশন সিঁদুর হোক বা এশিয়া কাপ ফলাফল একই। ভারত সর্বদাই জয়ী হয়। তিনি এই জয়কে ক্রীড়াক্ষেত্রে অপারেশন সিঁদুর বলে অভিহিত করেছেন।

**********************************************************************